রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারি ১০, ২০১৩

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
১৩৯, মতিঝিল বা/এ
ঢাকা।

## প্রজ্ঞাপন

তারিখ, ২১ মাঘ, ১৪১৯ বঙ্গাব্দ/০৩ ফেব্রুয়ারি, ২০১৩ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩৯-আইন/২০১৩।**—বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) এর ধারা ১৪৮ এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ, সরকারের অনুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথাঃ—

১। **শিরোনাম।**—এই প্রবিধানমালা বীমাকারীর নিবন্ধন প্রবিধানামালা, ২০১৩ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(ক) "আইন" অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন);

(খ) "কর্তৃপক্ষ" অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন) এর অধীন প্রতিষ্ঠিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;

(গ) "নিবন্ধন সনদ" অর্থ ফরম বীউনিক-ঘ অনুযায়ী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নিবন্ধন সনদ;



মূল্য ঃ টাকা ২৪.০০

(ঘ) "নিবন্ধন নবায়ন সনদ" অর্থ ফরম বীউনিক-ছ অনুযায়ী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নিবন্ধন নবায়ন সনদ;

(ঙ) "ফরম" অর্থ এই প্রবিধানমালার সহিত সংযোজিত ফরম।

৩। **নিবন্ধনের জন্য আবেদন।**—(১) লাইফ ইন্স্যুরেন্স বা নন-লাইফ ইন্স্যুরেন্স ব্যবসা পরিচালনা করিতে ইচ্ছুক এইরূপ প্রত্যেক ব্যক্তিকে কর্তৃপক্ষের নিকট, নিবন্ধন সনদ প্রাপ্তির জন্য ফরম বীউনিক-ক অনুযায়ী আবেদন করিতে হইবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন দাখিলকৃত আবেদনপত্রের সহিত আইনের ধারা ৮ এর উপ-ধারা (৫) এ উল্লিখিত দলিল, কাগজ ও তথ্যাদিসহ নিম্নবর্ণিত অন্যান্য দলিল, কাগজ ও তথ্যাদি দাখিল করিতে হইবে, যথাঃ—

(ক) ফরম বীউনিক-ক অনুযায়ী প্রস্তাবিত বীমা কোম্পানির সম্ভাব্যতা প্রতিবেদন;

(খ) ফরম বীউনিক-খ ও বীউনিক-গ অনুযায়ী প্রস্তাবিত বীমা কোম্পানির উদ্যোক্তা/পরিচালক এবং মুখ্য নির্বাহী কর্মকর্তার জীবন বৃত্তান্ত;

(গ) প্রস্তাবিত বীমা কোম্পানির উন্নয়ন ও সেবা বিভাগের প্রধান, অর্থ ও হিসাব, অবলিখন ও পুনঃবীমা, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও সমন্বয়, দাবী নিষ্পত্তি এবং তথ্য ও প্রযুক্তি বিভাগে নিযুক্ত কর্মকর্তাগণের জীবন বৃত্তান্ত এবং নাগরিক সনদপত্রের অনুলিপি;

(ঘ) প্রস্তাবিত বীমা কোম্পানির উদ্যোক্তাগণের সভার কার্যবিবরণী;

(ঙ) বীমা কোম্পানি গঠনের বিষয়ে উদ্যোক্তাগণের লিখিত চুক্তি;

(চ) নিম্নোক্ত খাতের ব্যবস্থাপনা কৌশল সম্বলিত বিস্তারিত পরিকল্পনা ঃ

(১) প্রস্তাবিত বীমা কোম্পানির সম্পদের সহিত সম্পর্কিত ঝুঁকিসমূহ;

(২) সুবিধাবঞ্চিত এলাকা/সম্প্রদায়ে সেবা পৌঁছাইয়া দেওয়ার কৌশল;

(৩) গ্রাহকগণের অধিকতর ভাল সেবা প্রদানের লক্ষ্যে কোম্পানিকে নতুন ও আধুনিক প্রযুক্তি ব্যবহারে সচেষ্টতার বিবরণ।

(৩) উপ-প্রবিধান (১) এর অধীন প্রত্যেক আবেদনপত্রের সহিত প্রক্রিয়াকরণ ফি হিসাবে কর্তৃপক্ষের তহবিলের অনুকূলে ৫ (পাঁচ) লক্ষ টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট প্রদান করিতে হইবে।

৪। **নিবন্ধনের আবেদনপত্র প্রত্যাখ্যান।**—(১) নিবন্ধনের জন্য কোন আবেদন যথাযথ বিবেচিত না হইলে কর্তৃপক্ষ, আবেদনকারীকে যুক্তিসংগত শুনানীর সুযোগ প্রদান করিয়া উক্ত আবেদন প্রাপ্তির অনধিক ৪০ (চল্লিশ) দিনের মধ্যে আবেদনটি না মঞ্জুর করিতে পারিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন কোন আবেদন না মঞ্জুর করা হইলে, কর্তৃপক্ষ উক্ত সিদ্ধান্তের যথাযথ কারণ উল্লেখপূর্বক উঁহা অনধিক ৫ (পাঁচ) দিনের মধ্যে আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীন অবহিত হইবার পর আবেদনকারী অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কর্তৃপক্ষের নিকট পুনঃবিবেচনার জন্য আবেদন করিতে পারিবে।

৫। **নিবন্ধন সনদপত্র**।—কর্তৃপক্ষ, আইনের ধারা ৯ এর উপ-ধারা (১) এর উদ্দেশ্যে পূরণকল্পে, ফরম বীউনিক-ঘ অনুযায়ী বীমাকারীকে নিবন্ধন সনদ প্রদান করিবে, যাহা প্রতি বৎসর নবায়ন যোগ্য।

৬। **নিবন্ধন সনদের প্রতিলিপি**।—বীমাকারী নিবন্ধন সনদের প্রতিলিপি সংগ্রহের জন্য বীমা ব্যবসা নিবন্ধন ফি বিধিমালা, ২০১২ এর বিধি ৩ এর উপ-বিধি (৩) এ নির্দিষ্টকৃত ফি প্রদান এবং উপ-বিধি (৪) এর পদ্ধতি অনুসরণ সাপেক্ষে ফরম বীউনিক-ঙ অনুযায়ী কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে পারিবে এবং কর্তৃপক্ষ আবেদনকারীর অনুকূলে নিবন্ধন সনদের প্রতিলিপি প্রদান করিবে।

৭। **নিবন্ধন সনদের নবায়ন**।—(১) বীমাকারীকে নিবন্ধন সনদের নবায়নের জন্য বীমা ব্যবসা নিবন্ধন ফি বিধিমালা, ২০১২ এর বিধি ৩ এর উপ-বিধি (২) অনুযায়ী নির্দিষ্টকৃত ফি প্রদান এবং উপ-বিধি (৪) এর পদ্ধতি অনুসরণ সাপেক্ষে ফরম বীউনিক-চ অনুযায়ী আবেদন করিতে হইবে।

(২) নিবন্ধন সনদের নবায়ন সংক্রান্ত আবেদন দাখিল করিবার সময় আইনের ধারা ১১ প্রযোজ্য হইবে।

(৩) কর্তৃপক্ষ ফরম বীউনিক-ছ অনুযায়ী নিবন্ধন নবায়নের সনদ প্রদান করিবে।

**ফরম বীউনিক-ক**

**(প্রবিধান ৩(১) দ্রষ্টব্য)**

**নিবন্ধন সনদ প্রদানের জন্য আবেদনপত্র**

তারিখ :

চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
সাধারণ বীমা ভবন-২
১৩৯, মতিঝিল বা/এ
ঢাকা

বিষয় : লাইফ ইন্স্যুরেন্স/নন-লাইফ ইন্সুরেন্স ব্যবসা পরিচালনার নিমিত্ত নিবন্ধন সনদ প্রদানের জন্য আবেদন।

মহোদয়,

আমি/আমরা বাংলাদেশে‘--------------’ নামে লাইফ ইন্স্যুরেন্স/নন-লাইফ ইন্সুরেন্স ব্যবসা পরিচালনা করিতে ইচ্ছুক। এতদুদ্দেশ্যে আমার/আমাদের বরাবরে নিবন্ধন সনদ প্রদানের জন্য প্রবিধান ৩ এ উল্লিখিত দলিল, কাগজ এবং তথ্যাদি আপনার সদয় বিবেচনার জন্য সংযুক্ত করা হইল।

আমি/আমরা, নিম্নস্বাক্ষরকারী, হলফসহকারে ঘোষণা করিতেছি যে, আবেদনকারী কোম্পানির পক্ষে এই আবেদনে যে তথ্যাদি দেওয়া হইয়াছে তাহা সত্য এবং পরিকল্পনা ও হিসাবসমূহ যুক্তিসঙ্গত অনুমানের উপর ভিত্তি করিয়া প্রদান করা হইয়াছে।

সংশ্লিষ্ট তথ্যাদি যাচাইপূর্বক আমাকে/আমাদেরকে বাংলাদেশে ‘---------’ নামে লাইফ ইন্স্যুরেন্স/নন-লাইফ ইন্সুরেন্স ব্যবসা পরিচালনার নিমিত্ত নিবন্ধন সনদ প্রদানের জন্য অনুরোধ করা হইল।

আপনার বিশ্বস্ত

স্বাক্ষর :

নাম :

প্রস্তাবিত পদবী :

ঠিকানা :

টেলিফোন নং :

ই-মেইল :

ফ্যাক্স :

সংযুক্তি : আবেদনপত্রে উল্লিখিত প্রয়োজনীয় কাগজ, দলিল ও তথ্যাদি।

## সম্ভাব্যতা প্রতিবেদন (Feasibility Report)

## (প্রবিধান ৩(২) (ক) দ্রষ্টব্য)

**১। বাংলাদেশের সামষ্টিক অর্থনৈতিক পটভূমি/পরিবেশ**

(ক) জি.ডি.পি'র প্রবৃত্তি ও গঠন

(খ) বীমা খাতের উন্নয়ন :

১. লাইফ ইন্স্যুরেন্স

২. নন-লাইফ ইন্স্যুরেন্স

(গ) আর্থিকনীতি ও মুদ্রানীতির উন্নয়ন

(ঘ) শিল্পখাতে উন্নয়ন

(ঙ) বৈদেশিক বাণিজ্য

(চ) সঞ্চয় ও বিনিয়োগ

**২। অর্থনৈতিক পদ্ধতি ও কাঠামো**

(ক) বীমা কোম্পানীসমূহ

(খ) মুনাফা বিশ্লেষণ

(গ) বর্তমানে প্রচলিত পদ্ধতির সীমাবদ্ধতাসমূহ ও সমাধানের উপায়

(ঘ) নতুন বীমা কোম্পানি প্রতিষ্ঠার পক্ষে যৌক্তিকতা

**৩। অর্থনৈতিক প্রক্ষেপণ (যে শ্রেণির ভিত্তিতে নিবন্ধনের জন্য আবেদন করা হইয়াছে)।**

- বিপণন সহায়তাকারী ও প্রশাসনিক কর্মচারীর পরিসর
- প্রিমিয়াম উপার্জন
- বিনিয়োগ উপার্জন
- কমিশন ও বিপণন সংক্রান্ত অন্যান্য ব্যয়
- প্রশাসনিক ব্যয়
- আয়কর ও অন্যান্য কর
- বিধিবদ্ধ সংরক্ষণ
- প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন
- লাভ ও ক্ষতির হিসাব এবং স্থিতিপত্র
- প্রথম বৎসর ও নবায়িত বৎসরের ব্যয়ের অনুপাত
- মূলধনের চাহিদা
- ব্রেক-ইভেন (Break-Even) সময়কাল এবং মূলধনের বিপরীতে প্রাপ্তি
- শেয়ারহোল্ডার ডিভিডেন্ডসমূহ
- উদ্বৃত্ত এবং বোনাস ঘোষণাসমূহ
- ভবিষ্যৎ মূলধনের চাহিদা পূরণের পদ্ধতি।

**৪। উদ্যোগ সম্পর্কিত অবলিখন (Underwriting)**

প্রস্তাবে অবলিখন সম্বন্ধে বর্ণনা থাকিবে যেমন চিকিৎসা এবং অন্যান্য রিপোর্টের ক্ষেত্রে ব্যবস্থাদি।

**৫। বিনিয়োগ**

প্রত্যেক কোম্পানি তাহার বিনিয়োগের নীতিমালার যৌক্তিকতা সবিস্তারে বর্ণনা করিবে যাহা কোম্পানির জন্য বিপণনে সহায়ক হইবে।

**৬। তথ্য-প্রযুক্তি**

তথ্য প্রযুক্তির বর্ণনা প্রদান করিতে হইবে।

**৭। রিটেনশন সীমা এবং পুনঃবীমা**

নিম্নবর্ণিত তথ্যসমূহের বিশদ উল্লেখপূর্বক পুনঃবীমা ব্যবস্থার প্রকৃতি পরিপূর্ণভাবে বর্ণনা করিতে হইবে ঃ

- পুনঃবীমাকারী/পুনঃবীমাকারীদের নাম/নামসমূহ
- পুনঃবীমার ভিত্তি
- পুনঃবীমার শর্তাদি
- রিটেনশন সীমা নির্ধারণের প্রক্রিয়া

**৮। নিয়োগ ও প্রশিক্ষণ**

- নির্ধারিত গুণাবলীর বর্ণনা
- নিয়োগের উৎস
- অভ্যন্তরে ও বাহিরে প্রশিক্ষণ প্রদানের পদ্ধতি।

**৯। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ**

কোম্পানিকে বিভিন্ন কার্যাবলীর জন্য বিভিন্ন পদ্ধতি ও ম্যানুয়াল প্রস্তুত করিতে হইবে। পদ্ধতিসমূহ পর্যবেক্ষণের প্রক্রিয়া, উক্ত কার্যসমূহ অবলিখন, ইস্যুকৃত পলিসি, কাস্টমার সার্ভিস, বিনিয়োগ, হিসাব, নতুন পণ্যের মূল্য নির্ধারণ, সংরক্ষণ ও সলভেন্সি মার্জিনের হিসাবকরণ, বিধিবিধানের পরিপালন, দাবি প্রক্রিয়াকরণ এবং নিষ্পত্তির পদ্ধতি ইত্যাদি সম্পর্কিত হইবে।

**১০। প্রশাসনিক ব্যয়**

**লাইফ :**

প্রিমিয়াম হার নির্ধারণে একচ্যুয়ারীকে হিসাবকৃত ব্যয় লেভেলকে প্রিমিয়াম হিসাবে পরিণত করিতে হইবে। যে প্রক্রিয়ায় প্রশাসনের ব্যয় হিসাব করা হইয়াছে ও গড় উৎপাদকে রূপান্তরিত করা হইয়াছে তাহার আলোচনা থাকা সমীচীন। প্রথম বৎসরের ব্যয় ও নবায়নকৃত বৎসরের ব্যয়, চলক (Variable) ও ধ্রবক (Fixed) পৃথকভাবে উপস্থাপিত হইতে হইবে। সকল সাধারণ ব্যয়ও (Overhead Expenses) অন্তর্ভুক্ত করিতে হইবে।

**নন-লাইফ :**

প্রয়োগিক কর্মকর্তাগণের স্তরসমূহ এবং সুপারভাইজরি কর্মকর্তা ও প্রধান কার্যালয়ের প্রতি স্তরে প্রিমিয়ামের শতকরা প্রস্তাবিত ব্যয়।

**১১। নতুন পণ্যের মূল্য নির্ধারণ (লাইফ)**

নতুন পণ্য, প্রিমিয়াম হারের বর্ণনা এবং প্রস্তাবিত হার, সুবিধা ও বীমা পলিসি সম্পর্কিত শর্তাবলীর বিবরণ এবং তৎসহ লাইফ ইন্স্যুরেন্স ব্যবসা সম্পর্কিত উক্ত হার, সুবিধা ও শর্তাবলী কার্যকরযোগ্য ও যথার্থ মর্মে এ্যাকচুয়ারী কর্তৃক প্রদত্ত সনদপত্র।

**১২। পণ্যের মূল্য নির্ধারণ, পলিসিসমূহের দায় নিরূপণে এ্যাকচুরিয়াল সার্ভিস গ্রহণের বিবরণ**

**১৩। প্রদত্ত ফি'র প্রমাণপত্র**

**১৪। আবেদনকৃত কোম্পানির পর্যালোচনাসহ ব্যবসায়িক পরিকল্পনা**

- প্রস্তাবিত নতুন বীমা কোম্পানির স্থায়ীত্ব ও অগ্রগতির প্রাথমিক কৌশল
- শাখা বৃদ্ধিকরণ নীতি
- প্রাতিষ্ঠানিক অবকাঠামো, দক্ষতা ও তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি
- প্রযুক্তি স্থানান্তর

**১৫। অর্থনৈতিক বিচার-বিশেষণ ও ব্যবসায়িক প্রক্ষেপণ**

- মূলধন কাঠামো
- স্থায়ী সম্পদ ব্যয়ের বর্ণনা
- পরিচালনা ব্যয়ের বর্ণনা
- প্রাথমিক ব্যয়ের বর্ণনা
- বীমা ব্যবসার বাজার অংশীদারিত্ব
- কমপক্ষে ৩ (তিন) বৎসরের অনুমিত বার্ষিক উদ্বৃত্ত পত্র, লাভ-ক্ষতির হিসাব এবং ব্যয় নির্বাহ পত্র
- ঝুঁকি মোকাবেলার কৌশল (যেমন-বিনিয়োগ ঝুঁকি, বীমা ঝুঁকি, বাজার ঝুঁকি, পরিচালনা ঝুঁকি, ইত্যাদি)

**১৬। আবেদনকারীর SWOT (শক্তিমত্তা, দুর্বলতা, সুযোগ, হুমকি) বিশ্লেষণ**

**১৭। টিকিয়া থাকা ও প্রবৃদ্ধির সুদূরপ্রসারী কৌশল**

**১৮। ব্যাখ্যাসম্বলিত সংবেদনশীলতা পরীক্ষণ (Sensitivity Analysis)**

প্রস্তাবিত বীমা কোম্পানির বীমা ব্যবসার বাজার অংশীদারিত্ব যদি জাতীয় পর্যায়ে ১০ শতাংশ হারে কমিয়া যায় তবে কার্যকর ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

১৯। যিনি বা যাহারা (ব্যক্তি/প্রতিষ্ঠান) সম্ভাব্যতা প্রতিবেদন তৈরি করিয়াছেন তাহাদের পূর্ণ বৃত্তান্ত থাকিতে হইবে।

## ফরম বীউনিক-খ

(প্রবিধান ৩(২)(খ) দ্রষ্টব্য)

### উদ্যোক্তাগণের (স্পন্সর)/পরিচালকবৃন্দের জীবন বৃত্তান্ত

১. পূর্ণ নাম ঃ

২. পিতা/স্বামীর নাম ঃ

৩. মাতার নাম ঃ

৪. জন্ম তারিখ ঃ

৫. জন্ম স্থান ঃ

৬. নাগরিকত্ব ঃ

পাসপোর্ট নম্বর (যদি থাকে) ঃ

ইস্যুর স্থান ও তারিখ ঃ

ভোটার পরিচিতি নম্বর ঃ

৭. পূর্ণ ঠিকানা ঃ

ক. স্থায়ী ঃ টেলিফোন নম্বর ঃ

খ. অস্থায়ী (যদি স্থায়ী হইতে ভিন্ন হয়) ঃ টেলিফোন নম্বর ঃ

৮. বৈবাহিক অবস্থা ঃ

স্বামী বা স্ত্রী'র নাম (যদি বিবাহিত হয়) ঃ পেশা ঃ

স্বামী বা স্ত্রী'র পাসপোর্ট নম্বর (যদি থাকে) ঃ

নিকট আত্মীয় এবং সম্পর্কিত (পিতা-মাতা, ভাই, বোন, সন্তান)

| নাম | সম্পর্ক | জন্ম তারিখ |
|---|---|---|
| | | |
| | | |

৯. শিক্ষাগত যোগ্যতা ঃ

| শিক্ষা স্তর | শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | ফলাফল | পঠিত প্রধান বিষয়সমূহ | অর্জিত ডিগ্রীর সন/বৎসর |
|---|---|---|---|---|
| মাধ্যমিক/সমমান | | | | |
| উচ্চ মাধ্যমিক/সমমান | | | | |
| স্নাতক/সমমান | | | | |
| স্নাতকোত্তর/সমমান | | | | |
| পেশাগত ও কারিগরী | | | | |
| প্রশিক্ষণ/সেমিনার (*যোগদানের তারিখ) | | * | | |

১০. বর্তমান পেশা ঃ

প্রতিষ্ঠানের নাম ঃ

ব্যবসায়িক ঠিকানা ঃ

ব্যবসার নাম ঃ

ব্যবসায়/পেশা পরিচিতি নম্বর, যদি থাকে ঃ

চাকুরীর শিরোনাম ঃ

টেলিফোন নম্বর ঃ

ফ্যাক্স ঃ

ই-মেইল ঃ

১১. কাজের অভিজ্ঞতা {বিগত ১০ (দশ) বৎসরের}
প্রয়োজনে অতিরিক্ত কাগজ সংযোজন করিতে হইবে।

| প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | কাজে যোগদানের তারিখ | পদবী | দায়িত্বসমূহ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

১২. আপনার নিয়ন্ত্রণাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, ধরন (তালিকাভুক্ত কিনা, বেসরকারি), মালিকানা (শতাংশে) উল্লেখপূর্বক অন্য কোন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী হইয়া থাকিলে তাহার বিস্তারিত বিবরণ। (নিয়ন্ত্রণ বলিতে ১০ শতাংশ বা তাহার অধিক মালিকানা অথবা কার্যকরভাবে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনাকে নিয়ন্ত্রণ করিবার ক্ষমতাকে বুঝাইবে)

উপরিউক্ত প্রতিষ্ঠানসমূহের নাম, ঠিকানা, নিয়ন্ত্রণাধীন শতকরা পরিমাণ, প্রতিষ্ঠানসমূহের অংশীদার এবং পরিচালকবৃন্দের তালিকা

১৩.

| | হাঁ | না |
|---|---|---|
| কর্তৃপক্ষ বা বাংলাদেশ সরকারের নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানসমূহে কোন চাকুরী বা কোন ধরনের ব্যবসায়িকভাবে সম্পৃক্ততা ছিল বা রহিয়াছে কিনা ?<br>যদি হাঁ হয় তাহা হইলে প্রতিষ্ঠানের নাম, ঠিকানা এবং কাজের ধরন উল্লেখ করুন। | ( ) | ( ) |

১৪.

| | হাঁ | না |
|---|---|---|
| বাংলাদেশ সরকারের নিয়ন্ত্রণাধীন কোন প্রতিষ্ঠান/ব্যাংকে কোন ধরনের প্রত্যক্ষ বা পরোক্ষ অর্থনৈতিক স্বার্থ ছিল বা বর্তমানে রহিয়াছে কিনা ?<br>যদি হাঁ হয় তাহা হইলে প্রতিষ্ঠানের নাম, ঠিকানা এবং অর্থনৈতিক স্বার্থের প্রকৃতি উল্লেখ করুন। | ( ) | ( ) |

১৫.

| প্রস্তাবিত কোম্পানির একজন উদ্যোক্তা হিসাবে আপনি কিভাবে এবং কোন উৎস হইতে আপনার প্রস্তাবিত শেয়ার মূলধন পরিশোধ করিবেন? | হাঁ | না |
|---|---|---|
| ক) নিজস্ব নগদ অর্থ | ( ) | ( ) |
| খ) অন্যান্য উৎস যদি হাঁ হয় তাহা হইলে বিস্তারিত বিবরণ দিন | ( ) | ( ) |

১৬. কর পরিচিতি নম্বর ঃ সর্বশেষ কর দাখিলের বিবরণী এবং/বা কর প্রত্যয়নপত্র এবং সত্যায়িত IT-10B ফর্ম সংযুক্ত করুন।

১৭. নিম্নোক্ত কারণে বীমা কোম্পানির উদ্যোক্তা/পরিচালক পদের জন্য নির্বাচিত বা মনোনয়ন বা পদ ধারণের অযোগ্য বিবেচিত হইয়াছেন কিনা?

(ক) পেশাগত অভিজ্ঞতা ১০ (দশ) বৎসরের কম;

(খ) উন্মাদ বা মানসিকভাবে বিকারগ্রস্ত;

(গ) ঋণ পরিশোধে অক্ষম বা দেউলিয়া ঘোষিত;

(ঘ) আদালত কর্তৃক দণ্ডিত হইয়াছেন অথবা প্রতারণামূলক কাজের সহিত জড়িত, অর্থনৈতিক অপরাধ ও অন্যান্য অপরাধমূলক কর্মকাণ্ডের সহিত সম্পৃক্ত;

(ঙ) অন্য কোন ব্যাংক কোম্পানি/একই শ্রেণীর বীমা কোম্পানি বা আর্থিক প্রতিষ্ঠানের পরিচালক;

(চ) কোন বীমা কোম্পানির সহিত আইন বিশেষজ্ঞ, উপদেষ্টা বা পরামর্শক হিসেবে চুক্তিবদ্ধ ইত্যাদি।

১৮. নিম্নোক্ত বিষয়গুলির সহিত সংশ্লিষ্টতা রহিয়াছে কিনা, যাহা উপর্যুক্ত পদ ধারণের জন্য অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হইবে।

(ক) আদালত বা ট্রাইব্যুনালে Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 93 এবং Chapter XXI এর আওতায় কোন মামলায় শাস্তিপ্রাপ্ত;

(খ) চলতি বৎসরের আয়কর বিবরণী (Tax-Return) অদাখিলকৃত;

(গ) Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 93 অনুসারে তাহার নিষ্পত্তিকৃত আয়কর মামলা পুনরুজ্জিবিত;

(ঘ) আদালত বা ট্রাইব্যুনালে Excises and Salt Act, 1944 (Act No.I of 1944), Customs Act, 1969 (Act No. IV of 1969), মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) অনুসারে অনিষ্পত্তিকৃত কাস্টমস ডিউটি, সংযুক্ত কর (Supplementary), আবগারি শুল্ক মামলার রায় অনিষ্পত্তিকৃত বা অপরিশোধিত;

(ঙ) প্রস্তাবিত বীমা কোম্পানিতে উদ্যোক্তাদের প্রদত্ত ইকুইটি মূলধন আয়কর কর্তৃপক্ষের IT-10B ফর্মে ঘোষিত সম্পদের (Net Worth) মধ্যে নয়;

(চ) প্রদত্ত ইকুইটি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হইতে গৃহীত ঋণ;

(ছ) নিজে বা পরিবারের কোন সদস্য কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের কাছে বিগত ৫ (পাঁচ) বৎসরে ঋণখেলাপি;

(জ) আদালতে ঋণখেলাপি মামলা অমিমাংসিত;

(ঝ) সাম্প্রতিক বা অতীতের যে কোন বৎসরের অপরিশোধিত আয়কর বকেয়া;

(ঞ) পরিচালকের ক্ষেত্রে শেয়ারহোল্ডিং ২% (দুই শতাংশ) এর কম;

(ট) নিজের পরিবার কর্তৃক ধারণকৃত শেয়ারের পরিমাণ ১০% (দশ শতাংশ) এর অধিক;

(ঠ) নিজের পরিবারে পরিচালক সংখ্যা ২ (দুই) এর অধিক;

(ড) নিজের পরিবারে পরিচালক সংখ্যা ২ (দুই) কিন্তু ধারণকৃত শেয়ারের পরিমাণ ৫% (পাঁচ শতাংশ) এর কম।

১৯. ব্যক্তি, অংশীদার, পরিচালক বা, ক্ষেত্রমত, কোন প্রতিষ্ঠানের কর্মকর্তা হিসাবে নিম্নের যে কোন একটি প্রশ্নের উত্তর দিন।

| | হাঁ | না |
|---|---|---|
| (ক) আপনি কখনো গ্রেফতার হইয়াছেন বা বর্তমানে আপনার বিরুদ্ধে কোন অপরাধমূলক অভিযোগ অনিষ্পত্তিকৃত রহিয়াছে কিনা ? | ( ) | ( ) |
| (খ) আপনি কখনো আইন ভঙ্গের কারণে অভিযুক্ত হইয়াছেন কিনা? | ( ) | ( ) |
| (গ) আপনি দেওলিয়া ঘোষিত কোন কোম্পানিতে মুখ্য কর্মকর্তা বা প্রধান অংশীদার ছিলেন বা বর্তমানে কর্মরত রহিয়াছেন কিনা? | ( ) | ( ) |
| (ঘ) আপনি কি এমন কোন ব্যবসা প্রতিষ্ঠানের পরিচালক, কর্মকর্তা, অংশীদার বা প্রধান শেয়ারধারী (৫% বা উহার অধিক ভেটিং শেয়ারধারী) হিসাবে ছিলেন যাহা ঋণখেলাপী হইয়াছে বা কোন অননুমোদিত বৈদেশিক লেনদেনে জড়িত হইয়াছে? | ( ) | ( ) |
| (ঙ) আপনি এমন কোন প্রতিষ্ঠানের পরিচালক, কর্মকর্তা, অংশীদার বা প্রধান সুবিধাভোগী (৫% বা উহার অধিক) হিসাবে রহিয়াছেন যাহা কোন অপরাধ বা অপরাধ সংশ্লিষ্ট কর্মকাণ্ডের সহিত জড়িত রহিয়াছে বা ছিল। | ( ) | ( ) |

২০. আমি, প্রস্তাবিত বীমা কোম্পানির একজন পরিচালক হিসাবে কমপক্ষে ২% (দুই শতাংশ) শেয়ার ধারণ করিতেছি, বা প্রস্তাবিত বীমা কোম্পানির একজন উদ্যোক্তা হিসাবে কোম্পানর মূলধনের অনধিক ১০% (দশ শতাংশ) শেয়ারের পরিমাণ প্রদানের সম্মতি জ্ঞাপন করিতেছি। আমি (উদ্যোক্তা/পরিচালক) ঘোষণা করিতেছি যে, আমার ধারণকৃত

শেয়ার আগামী ৩ (তিন) বৎসরের মধ্যে হস্তান্তর করিব না এবং যদি কোম্পানির প্রয়োজনীয় ন্যূনতম মূলধন কমিয়া যায়, তাহা হইলে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে অতিরিক্ত মূলধন প্রদান করিব।

আমি নিম্নস্বাক্ষরকারী হলফসহকারে আরও ঘোষণা করিতেছি যে, আবেদনে যে তথ্যাদি এবং ঘোষণা দেওয়া হইয়াছে তাহা সম্পূর্ণ সত্য, পরিপূর্ণ এবং এতদ্বারা কর্তৃপক্ষকে প্রদত্ত তথ্যাদির সঠিকতা যাচাই বা অনুসন্ধানের ক্ষমতা প্রদান করিতেছি। এছাড়া, এই আবেদনে প্রদত্ত মিথ্যা তথ্যাদি বাংলাদেশে বীমা কোম্পানির নিবন্ধন আবেদন অননুমোদনের জন্য যথেষ্ট।

উদ্যোক্তা/পরিচালকের স্বাক্ষর ঃ

নাম ঃ

তারিখ ঃ

স্থান ঃ

সাক্ষী ১

স্বাক্ষর ঃ

নাম ঃ

ঠিকানা ঃ

সাক্ষী ২

স্বাক্ষর ঃ

নাম ঃ

ঠিকানা ঃ

**ফরম বীউনিক-গ**

**(প্রবিধান ৩ (২) (খ) দ্রষ্টব্য)**

**মুখ্য কর্মকর্তা'র জীবন বৃত্তান্ত**

১. পূর্ণ নাম ঃ

২. পিতা/স্বামীর নাম ঃ

৩. মাতার নাম ঃ

৪. জন্ম তারিখ ঃ

৫. জন্মস্থান ঃ

৬. নাগরিকত্ব ঃ

পাসপোর্ট নম্বর (যদি থাকে) ঃ

ইস্যুর স্থান ও তারিখ ঃ

ভোটার পরিচিতি নম্বর ঃ

বাংলাদেশে কাজের অনুমতি গ্রহণ করিয়াছেন কিনা ? হ্যাঁ ( ) না ( )

ভিসার প্রকৃতি ঃ

মেয়াদোত্তীর্ণের তারিখ ঃ

৭. পূর্ণ ঠিকানা ঃ

ক. স্থায়ী ঃ টেলিফোন নম্বরঃ

খ. অস্থায়ী (যদি স্থায়ী হইতে ভিন্ন হয়) ঃ টেলিফোন নম্বরঃ

৮. বৈবাহিক অবস্থা ঃ

স্বামী বা স্ত্রী'র নাম (যদি বিবাহিত হয়) ঃ

পেশা ঃ

৯. শিক্ষাগত যোগ্যতা ঃ

| শিক্ষাস্তর | শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | ফলাফল | পঠিত প্রধান বিষয়সমূহ | অর্জিত ডিগ্রীর সন/বৎসর |
|---|---|---|---|---|
| মাধ্যমিক/সমমান | | | | |
| উচ্চ মাধ্যমিক/সমমান | | | | |
| স্নাতক/সমমান | | | | |
| স্নাতকোত্তর/সমমান | | | | |
| পেশাগত ও কারিগরী | | | | |
| প্রশিক্ষণ/ সেমিনার | | | | |
| (*যোগদানের তারিখ) | | * | | |

১০. বর্তমান পেশা :
প্রতিষ্ঠানের নাম :
ব্যবসায়িক ঠিকানা :
ব্যবসার নাম :
ব্যবসা/পেশা পরিচিতি নম্বর, যদি থাকে :
চাকুরীর শিরোনাম :
টেলিফোন নম্বর :
ফ্যাক্স :
ই-মেইল :

১১. কাজের অভিজ্ঞতা সম্পর্কে {বিগত ১৫ (পনের) বৎসরের} প্রয়োজনীয় তথ্যাদি সংযোজন করিতে হইবে। প্রয়োজনে অতিরিক্ত কাগজ সংযোজন করিতে হইবে।

| প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | কাজে যোগদানের তারিখ | পদবী | দায়িত্বসমূহ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

১২.

| | | |
|---|---|---|
| কর্তৃপক্ষ বা বাংলাদেশ সরকারের নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানসমূহে কোন চাকুরী বা কোন ধরণের ব্যবসায়িকভাবে সম্পৃক্ততা ছিল বা রহিয়াছে কিনা ?<br>যদি হাঁ হয় তাহলে প্রতিষ্ঠানের নাম, ঠিকানা এবং কাজের ধরন উল্লেখ করুন। | হাঁ<br>( ) | না<br>( ) |

১৩.

| | | |
|---|---|---|
| বাংলাদেশ সরকারের নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান/ ব্যাংকে কোন ধরনের প্রত্যক্ষ বা পরোক্ষ অর্থনৈতিক স্বার্থ ছিল বা বর্তমানে রহিয়াছে কিনা ?<br>যদি হাঁ হয় তাহা হইলে প্রতিষ্ঠানের নাম, ঠিকানা এবং অর্থনৈতিক স্বার্থের প্রকৃতি উল্লেখ করুন। | হাঁ<br>( ) | না<br>( ) |

১৪. কর পরিচিতি নম্বরঃ (সর্বশেষ কর দাখিলের বিবরণী এবং/বা কর প্রত্যয়ন পত্র এবং সত্যায়িত IT-10B ফর্ম সংযুক্ত করুন)।

১৫. নিম্নোক্ত কারণে কোন বীমা কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তা পদের জন্য অযোগ্য বিবেচিত হইয়াছেন কিনা ?

(ক) পেশাগত অভিজ্ঞতা (বীমা পেশায়) ১৫ (পনের) বৎসরের কম;

(খ) আবেদনকৃত পদের পূর্ববর্তী পদে পেশাগত অভিজ্ঞতা ৩ (তিন) বৎসরের কম;

(গ) উন্মাদ বা মানসিকভাবে বিকারগ্রস্ত;

(ঘ) ঋণ পরিশোধে অক্ষম বা দেউলিয়া ঘোষিত;

(ঙ) আদালত কর্তৃক গ্রেফতার হইয়াছেন অথবা প্রতারণামূলক কাজের সহিত জড়িত, অর্থনৈতিক অপরাধ ও অন্যান্য অপরাধমূলক কর্মকাণ্ডের সহিত সম্পৃক্ত;

(চ) অন্য কোন ব্যাংক কোম্পানী/বীমা কোম্পানী (লাইফ, নন-লাইফ)/আর্থিক প্রতিষ্ঠানের মুখ্য কর্মকর্তা;

(ছ) কোন বীমা কোম্পানীর সহিত আইন বিশেষজ্ঞ, উপদেষ্টা বা পরামর্শক হিসেবে চুক্তিবদ্ধ ইত্যাদি।

১৬. ব্যক্তি, অংশীদার, পরিচালক বা, ক্ষেত্রমত, কোন প্রতিষ্ঠানের কর্মকর্তা হিসাবে নিম্নের যে কোন একটি প্রশ্নের উত্তর দিন।

| | | | হাঁ | না |
|---|---|---|---|---|
| ক) | আপনি কখনো গ্রেফতার হইয়াছেন বা বর্তমানে আপনার বিরুদ্ধে কোন অপরাধমূলক অভিযোগ অনিষ্পত্তিকৃত রহিয়াছে কিনা ? | | ( ) | ( ) |
| খ) | আপনি কখনো আইন ভঙ্গের কারণে অভিযুক্ত হইয়াছেন কিনা ? | | ( ) | ( ) |

আমি, নিম্নস্বাক্ষরকারী, হলফসহকারে ঘোষণা করিতেছি যে, আবেদনে যে তথ্যাদি এবং ঘোষণা দেওয়া হইয়াছে তাহা সম্পূর্ণ সত্য, পরিপূর্ণ এবং এতদ্বারা কর্তৃপক্ষকে প্রদত্ত তথ্যাদির সঠিকতা যাচাই বা অনুসন্ধানের ক্ষমতা প্রদান করিতেছি। এছাড়া এই আবেদনপত্রের প্রদত্ত মিথ্যা তথ্যাদি বাংলাদেশে বীমা কোম্পানীর নিবন্ধন আবেদন অননুমোদনের জন্য যথেষ্ট।

মুখ্য নির্বাহী কর্মকর্তা'র স্বাক্ষর ঃ
নাম ঃ
তারিখ ঃ
স্থান ঃ

সাক্ষী ১
স্বাক্ষর ঃ
নাম ঃ
ঠিকানা ঃ

সাক্ষী ২
স্বাক্ষর ঃ
নাম ঃ
ঠিকানা ঃ

**ফরম বীউনিক-ঘ**

**(প্রবিধান ৫ দ্রষ্টব্য)**

**বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ**

(কর্তৃপক্ষের সীল)

**নিবন্ধন সনদ**

নিবন্ধন নম্বর....................

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে,..............................................................................................

.............................................................................................................................

(বীমাকারীর নাম ও ঠিকানা) বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩নং আইন) এর ধারা ৮ ও ৯ এর বিধান মোতাবেক নিম্ন তফসিল বর্ণিত শ্রেণির ব্যবসায় পরিচালনার নিমিত্তে নিবন্ধন সনদ প্রদান করা হইল।

তারিখ.............................খ্রিস্টাব্দ।

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

**তফসিল**

যে ব্যবসায় পরিচালিত হইবে তাহার শ্রেণী

(১) ............................

(২) ............................

(৩) ............................

(৪) ............................

**ফরম বীউনিক-ঙ**

**(প্রবিধান ৬ দ্রষ্টব্য)**

**নিবন্ধন সনদের প্রতিলিপি প্রাপ্তির আবেদন ফরম**

বরাবর

চেয়ারম্যান

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

ঢাকা

বিষয় ঃ নিবন্ধন সনদের প্রতিলিপি পাওয়ার আবেদন।

মহোদয়,

আমি, নিবন্ধন সনদের প্রতিলিপি প্রাপ্তির জন্য নিম্নরূপ তথ্যাদি উপস্থাপন করতঃ আবেদন করিলাম ঃ

(১) বীমাকারীর নাম ঃ

(২) নিবন্ধন নম্বর ঃ

(৩) নিবন্ধন সনদের তারিখ ঃ

(৪) কিভাবে মূল সনদ হারাইয়া গিয়াছে, ধ্বংস হইয়াছে বা কাটাছেঁড়া হইয়াছে ?

(৫) প্রদত্ত ফি'র বিবরণ ঃ

আপনার বিশ্বস্ত

মুখ্য নির্বাহী কর্মকর্তার স্বাক্ষর

স্থান..................................

তারিখ..................................

**ফরম বীউনিক-চ**

**(প্রবিধান ৭(১) দ্রষ্টব্য)**

তারিখ ঃ

বরাবর

চেয়ারম্যান

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ,

ঢাকা

মহোদয়,

বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) এর ধারা ১১ এর বিধান মোতাবেক আমরা এতদ্বারা ......................হইতে .........................সাল পর্যন্ত নিবন্ধন নবায়নের নিমিত্তে আবেদন করিলাম।

বাংলাদেশে............................... সাল হইতে..........................সাল পর্যন্ত আমাদের মোট গ্রস প্রিমিয়াম হইল............................................ টাকা।

এতদ্‌সঙ্গে ফি পরিশোধের প্রমাণপত্র সংযুক্ত করিলাম।

অনুগ্রহপূর্বক নিবন্ধন নবায়নের সনদপত্র প্রদান করিবেন।

আপনার বিশ্বস্ত

মুখ্য নির্বাহী কর্মকর্তার স্বাক্ষর

**ফরম বীউনিক-ছ**

**(প্রবিধান ৭(৩) দ্রষ্টব্য)**

**বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ**

(কর্তৃপক্ষের সীল)

**নিবন্ধন নবায়নের সনদ**

নিবন্ধন নম্বর ঃ

নিবন্ধন নবায়নের তারিখ ঃ

বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) এর ধারা ১১ মোতাবেক.............................. হইতে ................................সাল পর্যন্ত...................................(বীমাকারীর নাম) এর নিবন্ধন সনদ এতদ্বারা নবায়ন করা হইল।

তারিখ............................ খ্রিস্টাব্দ।

স্বাক্ষর

চেয়ারম্যান

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

(কর্তৃপক্ষের সীল)

কর্তৃপক্ষের আদেশক্রমে

**এম. শেফাক আহমেদ, এ্যাকচুয়ারী**

চেয়ারম্যান।

ড. মোঃ আলী আকবর (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ সচিব), উপ পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd